রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারী ৩, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-১

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ১৮ই পৌষ, ১৩৯৭/২রা জানুয়ারী, ১৯৯১

এস, আর, ও নং ১৮-আইন/৯১—যেহেতু স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং স্বঃ মঃ রাজ-১/৯১৩(৭), তারিখ ৩রা পৌষ, ১৩৯৭ বাং/১৮ই ডিসেম্বর, ১৯৯০ ইং দ্বারা সাবেক রাষ্ট্রপতি জনাব হুসেইন মুহম্মদ এরশাদ, তাঁহার মন্ত্রী পরিষদের সদস্যবৃন্দ ও সরকারী কর্মকর্তা/কর্মচারীদের এবং বিধিবদ্ধ সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষমতার অপব্যবহার এবং দুর্নীতির অভিযোগ তদন্তের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক বিচারপতি ডি, এম, আনসার উদ্দিন আহমদ এর সভাপতিত্বে একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে;

এবং যেহেতু স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং স্বঃ মঃ রাজ-১/৯১৫(৮), তারিখ ৮ই পৌষ, ১৩৯৭ বাং/২৩শে ডিসেম্বর, ১৯৯০ ইং দ্বারা উপরোক্ত তদন্ত কমিটির ক্ষেত্রে Commission of Inquiry Act, 1956 (VI of 1956) এর সকল বিধান প্রয়োগ করা হইয়াছে;



মূল্য : ৩০ পয়সা

এবং যেহেতু উপরোক্ত কমিটি উক্ত Commission of Inquiry Act, 1956 এর section 11 এর বিধান মোতাবেক একটি কমিশন হিসাবে গণ্য;

সেহেতু স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং স্বঃ মঃ রাজ-১/৯১৫(৮), তারিখ ৮ই পৌষ, ১৩৯৭ বাং/২৩শে ডিসেম্বর, ১৯৯০ ইং এর অনুবৃত্তিক্রমে সরকার Commission of Inquiry Act, 1956 (VI of 1956) এর section 10A এর বিধানকৃত ক্ষমতা স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন নং স্বঃ মঃ রাজ-১/৯১৩(৭), তারিখ ৩রা পৌষ, ১৩৯৭ বাং/১৮ই ডিসেম্বর, ১৯৯০ ইং মূলে গঠিত কমিটির উপর অর্পণ করিল।

**এস, আর, ও নং ১৯-আইন/৯১**—যেহেতু স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং স্বঃ মঃ রাজ-১/৯১৩(৭), তারিখ ৩রা পৌষ, ১৩৯৭ বাং/১৮ই ডিসেম্বর, ১৯৯০ ইং দ্বারা সাবেক রাষ্ট্রপতি জনাব হুসেইন মুহম্মদ এরশাদ, তাঁহার মন্ত্রী পরিষদের সদস্যবৃন্দ ও সরকারী কর্মকর্তা/কর্মচারীদের এবং বিধিবদ্ধ সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষমতার অপব্যবহার এবং দুর্নীতির অভিযোগ তদন্তের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক বিচারপতি ডি, এম, আনসার উদ্দিন আহমদ এর সভাপতিত্বে একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে;

এবং যেহেতু স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং স্বঃ মঃ রাজ-১/৯১৫(৮), তারিখ ৮ই পৌষ, ১৩৯৭ বাং/২৩শে ডিসেম্বর, ১৯৯০ ইং দ্বারা উপরোক্ত তদন্ত কমিটির ক্ষেত্রে Commission of Inquiry Act, 1956 (VI of 1956) এর সকল বিধান প্রয়োগ করা হইয়াছে;

এবং যেহেতু উপরোক্ত কমিটি উক্ত Commission of Inquiry Act, 1956 এর section 11 এর বিধান মোতাবেক একটি কমিশন হিসাবে গণ্য;

এবং যেহেতু উপরোক্ত তদন্ত কমিশনের তদন্তাধীন বিষয়ের গুরুত্ব এবং অবস্থা (circumstances) বিবেচনায় সরকার এই অভিমতে উপনীত হইয়াছে যে, Commission of Inquiry Act, 1956 (VI of 1956) এর section 5 এর sub-sections (2), (3), (4), (5) এবং (6) এর বিধানসমূহ উপরোক্ত তদন্ত কমিটি, যাহা তদন্ত কমিশন হিসাবে পরিগণিত, এর ক্ষেত্রে প্রযোজ্য হওয়া সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু সরকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নম্বর স্বঃ মঃ রাজ-১/৯১৫(৮), তারিখ ৮ই পৌষ, ১৩৯৭ বাং/২৩শে ডিসেম্বর, ১৯৯০ ইং এর অনুবৃত্তিক্রমে Commission Inquiry Act, 1956 (VI of 1956) এর section 5 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে

এই মর্মে নির্দেশ প্রদান করিল যে, উক্ত section এর sub-sections (2), (3), (4), (5) ও (6) এর বিধানসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং স্বঃ মঃ রাজ-১/৯১৩(৭), তারিখ ৩রা পৌষ, ১৩৯৭ বাং/১৮ই ডিসেম্বর, ১৯৯০ ইং মূলে গঠিত কমিটির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, সাঈদ
স্বরাষ্ট্র সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহবুবুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।